



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৯ এপ্রিল ২০১৭ খ্রি.

সিজেকেএস আন্তঃওয়ার্ড মেয়র গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০১৭ এর ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড এবং ২৮ নং পাঠানটুলী ওয়ার্ডের কমিটি পরিচিতি সভা ও জার্সি উন্মোচন অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে সিজেকেএস আন্তঃওয়ার্ড মেয়র গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০১৭খ্রি. আগামীকাল ১৯ এপ্রিল উদ্বোধনী খেলার মধ্য দিয়ে মেয়র গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। উদ্বোধনী খেলা ২৩ নং উত্তর পাঠানটুলী এবং ৩০ নং পূর্ব মাদারবাড়ী ফুটবল দলের মধ্যে অনুষ্ঠিত হবে। এ টুর্নামেন্টে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৮ টি ওয়ার্ড সংশ্লিষ্ট কাউন্সিলরদের নেতৃত্বে অংশ গ্রহণ করবে। এ লক্ষ্যে ১৮ এপ্রিল ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে নগরভবনের কেবি আবুদুচ ছতার মিলনায়তনে ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড এবং সকালে লেমন গ্রাস রেস্তোরাঁতে ২৮ নং পাঠানটুলী ওয়ার্ড এর কমিটির পরিচিতি সভা এবং জার্সি উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন খেলোয়াড়দের জার্সি উন্মোচন করেন। এতে ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, ২৮ নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব মো. আবদুল কাদের, ডালাস ফিলিং স্টেশন লি. এর ব্যবস্থাপনা পরিচালক ছালেহ জহর বাবর, মোহাম্মদ রিয়াজ, কুমিল্লা ড্রেডিং এর প্রোপ্রাইটর মো. ইমতিয়াজ, ইব্রাহিম আলী জিল্লু, লায়ন এম আইয়ুব, মো. গিয়াস উদ্দিন, নাজিমুল হক নাজু, হুমায়ুন কবির, সাহেদ, টিম ম্যানেজার, সুফিয়ান সিদ্দিকী, সহকারী ম্যানেজার সাজ্জাদ আলী সাজু, বিশিষ্ট ব্যবসায়ী মো. মিজানুর রহমান, মো. জানে আলম, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক মো. মাহবুবুল হক মিয়া, বীর মুক্তিযোদ্ধা শেখ জাহেদ আহমেদ, মো. ফাহিম উদ্দিন, মো. হারিছ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফেরদৌসী আকবর, মো. হাসান শরীফ, খালেক সর্দার, মুন্সি মিয়া, লেয়াকত আলী, মো. জাকারিয়া, এ কে এম ফজল হক, হিমেল, হুমায়ুন, কাউসার সহ অন্যরা উপস্থিত ছিলেন। জার্সি উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেন, নক আউট পদ্ধতিতে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। এ টুর্নামেন্টে র‍্যাফেল ড্রতে ৫১ টির অধিক পুরস্কার থাকবে। পুরস্কারের মধ্যে মোটর সাইকেল, ফ্রিজ, এলইডি টিভি, মোবাইল সেট, প্রাইজবন্ড, স্বর্ণের চেইন এবং ফাইনাল খেলায় প্রাইভেট কার সহ আকর্ষণীয় পুরস্কার থাকবে। মেয়র বলেন, টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দলকে নগদে ৩ লক্ষ টাকা, রানার আপকে ২ লক্ষ টাকা, তৃতীয় স্থান এর জন্য ১ লক্ষ টাকা এবং চতুর্থ স্থানের জন্য ৫০ হাজার টাকা, সুশুংখল দলকে ৫০ হাজার টাকা, সেরা খেলোয়াড়কে ৫ হাজার টাকা, সর্বোচ্চ গোলদাতাকে ৩ হাজার টাকা, সেরা মিডফিল্ডারকে ৩ হাজার টাকা, সেরা ডিফেন্ডারকে ৩ হাজার টাকা, সেরা কিপারকে ৩ হাজার টাকা, ম্যাচ অব দ্য ফাইনালকে ৩ হাজার টাকা, সেরা রেফারীকে ৩ হাজার টাকা, ২ জন সহকারী রেফারীকে ২ হাজার টাকা করে ৪ হাজার টাকা, সেরা ম্যানেজারকে ৩ হাজার টাকা, সেরা প্রশিক্ষককে ৩ হাজার টাকা এবং প্রতি খেলায় সেরা খেলোয়ারকে নগদ ৫ শত টাকা করে পুরস্কার দেয়া হবে। এছাড়াও যে দল পর পর ৩ বার এ টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হবে তারা চিরতরে ১০ ভরি ওজনের গোল্ডকাপ জয় করবে। তাছাড়াও চ্যাম্পিয়ন দলকে রিপ্লেকা ট্রফি দেয়া হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে অংশগ্রহণকারী প্রত্যেক দলকে এককালিন ৪০ হাজার প্রদান করা হয়েছে। চট্টগ্রামের ঘরোয়া ফুটবল এর ইতিহাসে এ টুর্নামেন্টটি নতুন রেকর্ড সৃষ্টি করবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন।

চট্টগ্রাম- ১৯ এপ্রিল ২০১৭ খ্রি.

মুক্তিযোদ্ধাদের কল্যাণে গৃহনির্মাণ প্রকল্পের আওতায় বীর মুক্তিযোদ্ধা ভবন নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহহীন মুক্তিযোদ্ধা পুনর্বাসনের লক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে গৃহনির্মাণ প্রকল্প গ্রহণ করেছে। চলতি অর্থ বছরে নগরীর বিভিন্ন ওয়ার্ডে ১০ জন বীর মুক্তিযোদ্ধাকে তাদের নিজস্ব জায়গায় গৃহনির্মাণ করে দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আগামী ২০ এপ্রিল ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, বিকাল ৪ টায়, নগরীর উত্তর কাউলীস্থ মরহুম মৌলানা তমিজুর রহমান (মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক সাবেক মন্ত্রী জহর আহমদ চৌধুরী) এর বাড়ীতে বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে গৃহনির্মাণ প্রকল্পের আওতায় 'বীর মুক্তিযোদ্ধা ভবন' নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হবে।

উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা